# এক ঝাঁক ফিনিক্স

~~ নীল স্বপ্ন

কবিতা আসে না মুহূর্তগুলোর সাথে সাথে
আমার দিনগুলো বন্ধুরা প্রগলভতার সাথেই চলে
অভিশপ্ত কালপুরুষ রোহিনীকে নিয়ে ঝুলে
আকাশগঙ্গায় কেই বা স্বাধীন?
পরস্পরের বাঁধনে সবাই সবাইকে টানে
কাছে কেইবা যেতে পারে
প্রকৃতির এইতো অমোঘ নিয়ম
দূরত্বই তাই অসীমের সীমা।
ধূমকেতু শুধু একটু অবাধ্য তরুণ
কাছে যেতে চাই নক্ষত্রের কাছে
নিজে পুড়ে সে সাথে নিয়ে পোড়াই অন্যকেও।
দূরত্বই তাই ভাল
কাছে আসলেই পুড়তে হয়।
আকাশের মাঝে হাজার তারা সবাই ঝরে পড়েনা
ঝুরে পড়ে শুধু তাই ধূমকেতুই।

অনুভূতিগুলো যেন ধূমকেতুরই মত
দূরত্বে যতক্ষণ থাকে যেন আকাশের তারা
লুব্ধক, সপ্তর্ষি, কালপুরুষ আর রোহিনী
জোনাকীর মত জ্বলে উত্তাপহীন আলোয়
যখন কাছে আসে ওরা যেন ধূমকেতু
মনের বাতাবরনের মাঝে পুড়ে
পুড়তে পুড়তে আছড়ে পড়ে হৃদয়ের মাটিতে
পুড়ে, সাথে নিয়ে মনের মাটি
পোড়ায় আমাকে।

কবিতা যেন তাই কথার আগুন
প্রাগৈতিহাসিক ধূমকেতুর শত আলোকবর্ষ দূরত্বের
আছড়ে পড়া হাজারো অনুভূতি
আমার প্রগলভতার আগুনে যেন
জন্ম নেয়া
একঝাঁক ফিনিক্স।

অক্টোবর ০২, ২০০৭
কুয়ালালামপুর